দৈনিক
ইত্তেফাক

তারিখ ·· ২·
পৃষ্ঠা ·· ২ ··

# ফুলবাড়ীয়ায় স্কুলের প্রধান শিক্ষকের আত্মহত্যা

## শিক্ষক নিয়োগ নিয়ে জটিলতা জেরে

■ ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) সংবাদদাতা

ফুলবাড়ীয়া উপজেলায় স্কুল পরিচালনা কমিটি ও শিক্ষক নিয়োগ নিয়ে সৃষ্ট জটিলতায় প্রধান শিক্ষক ফাঁসিতে ঝুলে আত্মহত্যা করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। গত বৃহস্পতিবার স্কুল ছুটির পর তিনি আত্মহত্যা করেন। পুলিশ রাতেই লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মর্গে প্রেরণ করেছে। ফরিদের পাড় উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

আবুল কাশেম (৫০) প্রতিষ্ঠালগ্ন থেকে স্কুলটির প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন। সম্প্রতি তিনজন নিয়োগ ও বিদ্যালয় পরিচালনা কমিটি গঠন নিয়ে এলাকার কিছু লোকের সাথে তার মনোমালিন্য চলে আসছিল। এর আগে স্কুল থেকে কমিটি গঠনের ফাইলসহ প্রয়োজনীয় কাগজপত্র খোয়া যায়। এসব গুরুত্বপূর্ণ কাগজপত্র হারিয়ে যাওয়ার পর থেকে তিনি মানসিকভাবে ভেঙ্গে পড়েন।

গত বৃহস্পতিবার ছুটির পর স্কুলে বসে প্রয়োজনীয় কাজের কথা বলে সকলকে চলে যেতে বলেন তিনি। সন্ধ্যায় স্কুলের একটি কক্ষে তার ঝুলন্ত লাশ পাওয়া যায়।

প্রধান শিক্ষকের ভাই জানান, তার ভাই তাকে প্রায়ই বলত স্কুলে খুব চাপের মধ্যে রয়েছেন। অনেকেই হুমকি দিচ্ছে তার জীবননাশের। ফুলবাড়ীয়া থানার এসআই রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।